দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 26 JAN 1989
পৃষ্ঠা 5 কলাম 3

72

# শিক্ষাঙ্গন

## মীরপুর কলেজের সমস্যা

মীরপুর কলেজ একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের নাম। মহানগরীর এই বিরাট এলাকায় একটি মাত্র সরকারী কলেজ। তারমধ্যে মীরপুর কলেজই একমাত্র বেসরকারী ডিগ্রী কলেজ। যেখানে দিবা-নৈশ বিভাগে সহ-শিক্ষার ব্যবস্থা রয়েছে।

কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে ১৩ লাখ লোক অধ্যুষিত এ এলাকায় মীরপুর কলেজটি প্রতিষ্ঠিত হলেও এ কলেজটি বহু সমস্যায় জর্জরিত। বহু প্রচেষ্টার ফলশ্রুতিতে দীর্ঘ ১২ বছর পর শিক্ষা মন্ত্রণালয় কলেজটির জন্য ২নং সেকশনে সম্প্রতি এক খণ্ড জমি হস্তান্তর করে।

উক্ত জমির উপর বর্তমানে ছাপড়ার ঘর তৈরী করে কোন রকমে কলেজের কাজ চালানো হচ্ছে। আর্থিক অসুবিধার কারণে নতুন জায়গায় কোন দালান তৈরী করা সম্ভব হচ্ছে না।

বর্তমানে কলেজটি একটি পরিত্যক্ত বাড়ীতে অত্যন্ত অপরিসর স্থানে, খুব কষ্টের মধ্যে দিয়ে চলছে।

স্বল্প পরিসরের মধ্যে কলেজের সমস্যাগুলো সংক্ষিপ্তাকারে তুলে ধরা হলো।

(১) শ্রেণী কক্ষঃ প্রয়োজনীয় সংখ্যক শ্রেণী কক্ষ না থাকার কারণে প্রতি বছর হাজার হাজার ছাত্র-ছাত্রী বিফল হয়ে ফিরে যাচ্ছে। ফলে একদিকে যেমন কলেজটি আর্থিক দিক দিয়ে স্বচ্ছল হতে পারছে না অপরদিকে তেমনি ছাত্র-ছাত্রী এবং অধ্যাপকমণ্ডলীদেরকে নিদারুণ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে।

(২) ছাত্রাবাসঃ কলেজের নিজস্ব কোন ছাত্রাবাস না থাকার কারণে দূর-দূরান্ত থেকে আগত অসংখ্য শিক্ষার্থী এ কলেজে শিক্ষালাভ থেকে বঞ্চিত হচ্ছে।

(৩) পাঠাগারঃ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ভাল একটি পাঠাগার অত্যাবশ্যক। কিন্তু এ কলেজে কোন ভাল পাঠাগার না থাকার কারণে ছাত্র-ছাত্রীরা জ্ঞানের বিকাশ ঘটাতে পারছে না।

(৪) মিলনায়তনঃ পড়াশুনার অবসরে শিক্ষার্থীদের কোন বিশেষ অনুষ্ঠান করার একান্ত ইচ্ছা থাকলেও মিলনায়তন না থাকার কারণে তা সম্ভব হয় না।

(৫) বিজ্ঞানাগারঃ বিজ্ঞানাগারের জন্য পৃথক দালানের অভাব এবং প্রয়োজনীয় অর্থ না থাকার কারণে এ কলেজে একটি পূর্ণাঙ্গ বিজ্ঞানাগার চালু করা সম্ভব হচ্ছে না।

(৬) খেলাধুলার স্থানঃ খেলাধুলার জন্য প্রয়োজনীয় স্থান এবং সরঞ্জাম না থাকার কারণে ছাত্র-ছাত্রীরা খেলাধুলার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

(৭) কমনরুমঃ বর্তমান স্থানে প্রয়োজনীয় কক্ষ না থাকার কারণে ছাত্র-ছাত্রী এবং অধ্যাপক মণ্ডলীর জন্য পৃথক কোন কমনরুমের ব্যবস্থা করা সম্ভবপর হচ্ছে না।

উপরোক্ত সমস্যাবলীর আলোকে অনতিবিলম্বে অবহেলিত এ কলেজটির উন্নয়নের লক্ষ্যে, কলেজটি নির্দ্ধারিত স্থানে নতুন ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় আর্থিক অনুদান প্রদান এবং অন্যান্য সমস্যাবলী জরুরী ভিত্তিতে সমাধানের জন্য আশু কার্যকরী ব্যবস্থা গ্রহণ করে মীরপুর কলেজকে একটি সেরা মহাবিদ্যালয় রূপে গড়ে তুলতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এগিয়ে আসবেন বলে আশা করি।

—শেখ মাহমুদুল হক